২৯/৮/২০০৩

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ৭ কলাম ৬

### জোয়ার আসিলেই ছুটির ঘন্টা বাজে

# ডোমরাবাদ সরকারী প্রাইমারী স্কুলের করুণ অবস্থা

মীর্জাগঞ্জ (পটুয়াখালী) সংবাদদাতা ।। মীর্জাগঞ্জ উপজেলার আমড়াগাছিয়া ইউনিয়নের ২৯নং ডোমরাবাদ সরকারী প্রাথমিক বিদ্যালয় (আধাপাকা টিনশেড) ভবনটি দীর্ঘ দিন ধরিয়া সংস্কারাভাবে জরাজীর্ণ হইয়া পড়িয়াছে। বর্ষাকালে বৃষ্টির পানি পড়িয়া শ্রেণীকক্ষ কর্দমাক্ত হইয়া যায়। বিদ্যালয়ের দেওয়ালে ছোট বড় ফাটল ধরিয়াছে। দরজা-জানালা ভাঙ্গিয়া গিয়াছে। বিদ্যালয়টি দক্ষিণ আমড়াগাছিয়া গ্রামের পার্শ্ব দিয়া প্রবাহিত বেড়ের ধন নদীর তীরবর্তী বেড়ী বাঁধের বাহিরে থাকায় ঐ নদীর জোয়ারের পানিতে বিদ্যালয়ের শ্রেণীকক্ষ প্লাবিত হইয়া যায়। ফলে জোয়ারের সময় স্কুলে ছুটির ঘন্টা বাজে। বিদ্যালয়ে চেয়ার টেবিল, বেঞ্চ, ব্লাক বোর্ড ও প্রয়োজনীয় আসবাবপত্রসহ শিক্ষা উপকরণের অভাব রহিয়াছে। বর্তমানে দুই শতাধিক ছাত্র-ছাত্রী এই বিদ্যালয়ে লেখাপড়া করে। বিদ্যালয় ভবন সংস্কারসহ বিদ্যালয় চত্বর মাটি ভরাট করিয়া উঁচু করা প্রয়োজন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল মান্নান গাজী জানান, বিদ্যালয়টি প্রাইমারী স্কুল কাম-সাইক্লোন সেন্টার হিসাবে নির্মাণের জন্য ইতিপূর্বে মীর্জাগঞ্জ উপজেলা শিক্ষা অফিসের মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট বহু আবেদন-নিবেদন করা সত্ত্বেও অদ্যাবধি কোন ফল পাওয়া যাইতেছে না।